



“ শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ ”

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

হাজীগঞ্জ, চাঁদপুর।

**নিলাম বিজ্ঞপ্তি**

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর পরিচালন ও রক্ষনাবেক্ষণ স্টোরের কনডেম ঘোষিত ব্যবহার অযোগ্য মালামাল যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে অগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

মালামালের বিবরণ	পরিমাণ (আনুমানিক)	সর্বনিম্ন নিলাম একক মূল্য	দাখিলকৃত মোট মূল্য
লৌহ জাতীয় মালামাল	২৬৫৬৬ কেজি	২০.০০	
সিংগেল ফেজ মিটার(জে-১)	১৩৫০ টি	৩০.০০	
সিংগেল ফেজ মিটার (জে-৩৯)	৬৪৮ টি	১০.০০	
মিটার (৩ ফেজ)	১৪ টি	২০.০০	

কথায় : (.....)।

শর্তাবলী :

- আগামী ২২/০৭/২০১৮ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ, খিলক্ষেত-১২২৯, ঢাকা অথবা চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ, চাঁদপুর এ ঠিকানায় রক্ষিত টেন্ডার বাস্তবে নিলাম দরপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত নিলাম দরপত্র একই দিন অর্থাৎ আগামী ২২/০৭/২০১৮ ইং তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- বিজ্ঞপ্তি অত্র সমিতির ওয়েব সাইট Web: [www.chandpurpbsl.org](http://www.chandpurpbsl.org) এ পড়তে পারবেন।
- দরপত্রের সহিত চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে উদ্ধৃত নিলাম দরের ২৫% (শতকরা পঁচিশ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানত হিসেবে সংযুক্ত করতে হবে।
- দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। নিলাম দরপত্রের খামের উপর স্পষ্ট করে “ নিলাম দরপত্র ” কথাটি লিখতে হবে।
- অফিস চলাকালীন সময়ে মালামালসমূহ চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, হাজীগঞ্জ এর স্টোরে পরিদর্শন করা যাবে। এ বিষয়ে কোন জিজ্ঞাসা থাকলে মোবাইল নং- ০১৭৬৯৪০০৩৩০ এ যোগাযোগ করা যেতে পারে।
- কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য বাবদ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ/বুঝে নিতে হবে। অন্যথায়, দরপত্রের সাথে প্রদত্ত জামানত অত্র সমিতির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- নিলাম বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল মালামালের দর দাখিল করতে হবে। কোন আইটেম বাদ দিয়ে এবং সর্বনিম্ন নিলাম মূল্যের নিম্নে দর দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না।
- সরকারী নিয়মানুযায়ী কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর ভ্যাট ও উৎস কর পরিশোধ করতে হবে।
- নিলাম দরপত্রে উল্লেখিত শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সে ক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- কার্যদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম বা বেশী হতে পারে।
- শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

- “ শেখ হাসিনার দর্শন-সেবক হয়ে কর্মসম্পাদন ”
- “ সহজ করব পদ্ধতি- দ্রুত দিব সংযোগ ”
- “ দুর্নীতির সময় শেষ- গড়বো সোনার বাংলাদেশ ”

জেনারেল ম্যানেজার

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

মোবাইল : ০১৭৬৯-৪০০০১৬

ই-মেইল : [chandpbs@yahoo.com](mailto:chandpbs@yahoo.com)